

# মর্ডানা ভ্যাকসিন গ্রহণ

যেহেতু COVID-19 ভ্যাকসিনটি নতুন, তাই ভ্যাকসিন নেয়ার আগে, নেয়ার সময় ও নেয়ার পরে কী হবে সেই সম্পর্কে আপনার প্রশ্ন থাকতে পারে। আপনার আরো প্রশ্ন

## কী প্রত্যাশা করবেন:

### আপনার ভ্যাকসিন নেয়ার আগে:

- আপনাকে এখনই COVID-19 ভ্যাকসিন নেয়ার পরামর্শ দেওয়া হচ্ছে কিনা সেই বিষয়ে CHN ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন।
- ভ্যাকসিন সম্পর্কে আপনার প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে তা আমাদের জানান! আমরা আপনার সাহায্যের জন্যই আছি।



### আপনার ভ্যাকসিন নেয়ার সময়:

- একজন CHN ডাক্তার বা নার্স আপনাকে:
  - একটি প্রচারপত্র দেবে, যেখানে কোন COVID-19 ভ্যাকসিন আপনি নিচ্ছেন তা সম্পর্কে তথ্য থাকবে।
  - একটি সম্মতি পত্র দেবে। এই ফর্মে আপনি যে তথ্য প্রদান করবেন, যেমন বয়স ও জন্মতারিখ, তা NYC স্বাস্থ্য বিভাগের (NYC Department of Health) শহরব্যাপী ইমিউনাইজেশন রেজিস্ট্রিতে দেয়া হবে।
- আপনার হাতের উপরের দিকে একটি শট দেয়া হবে।

### আপনার ভ্যাকসিন নেয়ার পর:

- আপনাকে দ্বিতীয় শটের জন্য কেন্দ্রে আবার 28 দিন পর আসতে হবে। সম্পূর্ণ সুরক্ষার জন্য আপনাকে উভয় শটই নিতে হবে।
- ভ্যাকসিন বাস্তুবে কেমন কাজ করে তা সম্পর্কে আমরা যা জেনেছি সেই হিসেবে এগুলো করে আপনাকে নিজেকে ও অন্যদেরকে COVID-19 থেকে সুরক্ষিত রাখা গুরুত্বপূর্ণ:

প্রথম শটের অ্যাপয়েন্টমেন্টের তারিখ: \_\_\_\_\_

দ্বিতীয় শটের অ্যাপয়েন্টমেন্টের তারিখ: \_\_\_\_\_



# ভ্যাকসিন থেকে কি কোনো পার্শ্ব প্রতিক্রিয়া হয়?

- ভ্যাকসিন নেয়ার পর আপনার কিছু পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিতে পারে। আপনার শরীর COVID-19 এর বিরুদ্ধে সুরক্ষা তৈরি করছে এই উপসর্গগুলি সেগুলির লক্ষণ। আপনার হয়তো ক্লু হয়েছে এমন মনে হতে পারে, কিন্তু কয়েক দিনের মধ্যেই পার্শ্ব প্রতিক্রিয়া সেরে যাবে।
- এখনও পর্যন্ত জানা গেছে যে, কিছু মানুষের COVID-19 ভ্যাকসিনের দ্বিতীয় শট নেয়ার বেশি করে পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিয়েছে।

## প্রচলিত পার্শ্ব প্রতিক্রিয়া:

- শট দেয়ার স্থানে ব্যথা বা ফুলে যাওয়া
- জ্বর বা ঠান্ডা লাগা
- ক্লান্তি
- মাথা ব্যথা

## ডাক্তারকে কখন ফোন করতে হবে:

- যে স্থানে শট দেয়া হয়েছে সেই স্থানে 24 ঘন্টার পরেও লাল হয়ে থাকা ও তীব্র ব্যথা হওয়া বেড়ে গেলে
- যদি কয়েক দিনের মধ্যে পার্শ্ব প্রতিক্রিয়ার অবনতি হয় বা না সারে

## আমার পার্শ্ব প্রতিক্রিয়া হলে কার সঙ্গে যোগাযোগ করব?

- ভ্যাকসিন নেয়ার পর কোনো পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে CHN ডাক্তার বা নার্সের সঙ্গে কথা বলুন।
- রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) ভ্যাকসিন নেয়ার পর পার্শ্ব প্রতিক্রিয়া ও আপনার

**V-safe** হল একটি টুল, যা পার্শ্ব প্রতিক্রিয়া জানানোর জন্য আপনার স্মার্টফোনে ব্যবহার করা যেতে পারে। V-safe এর মাধ্যমে, কখন আপনাকে দ্বিতীয় শটের জন্য যেতে হবে তার অনুস্মারক পাবেন।

- V-safe এ সাইন আপ করার পর, এতে আপনার ফোন নম্বর দিতে বলা হবে। ভ্যাকসিন নেয়ার পর আপনি কেমন আছেন তা দেখার জন্য যাতে আপনি হেলথ চেক-ইন সহ বার্তা পান তার জন্য এটি করা হয়েছে। V-safe এ আপনার প্রদত্ত প্রতিটি ব্যক্তিগত তথ্য সুরক্ষিত থাকবে।
- **V-safe** একটি ঐচ্ছিক টুল। সাইন আপ করবেন কি না তা আপনি ঠিক করবেন। যদি আপনি V-Safe ব্যবহার করতে না চান, তাহলে ভ্যাকসিন নেয়ার পর আপনার মারাত্মক পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে অবিলম্বে CHN ডাক্তার বা নার্সকে জানান।
- পার্শ্ব প্রতিক্রিয়া জানাতে রোগী ও প্রদানকারীরাও **ভ্যাকসিন এডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)** ব্যবহার করতে পারেন। [vaers.hhs.gov/reportevent.html](https://vaers.hhs.gov/reportevent.html) এ আরো জানুন



আরো জানতে  
[www.cdc.gov/vsafe](https://www.cdc.gov/vsafe)  
দেখুন অথবা স্মার্টফোনে QR কোড  
ব্যবহার করুন।